গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
E-mail : pbgsedp2021@gmail.com

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/ ১৭০ তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২১ মে ২০২৩ খ্রি.

বিষয় : "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)" শীর্ষক স্কিমের আওতায় ২য় পর্যায়ে "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/১৩২, তারিখ: ২৬/০৪/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয়েরে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP) এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)" স্কিমের আওতায় "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" প্রদানের লক্ষ্যে ১ম পর্যায়ে চূড়ান্ত নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ইতোমধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে। একইসাথে স্কিমের আওতায় ২য় পর্যায়ে উল্লিখিত SMAG/MMAG/GBAG প্রদানের জন্য ১০/০৫/২০২৩খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানের আবেদন গ্রহণ এবং ২০/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানের তালিকা স্কিম দপ্তরে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের পত্র দেওয়া হয়েছে। চলমান এসএসসি পরীক্ষার কারণে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের অনুরোধের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের আবেদনের সময় ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত এবং মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক ১১/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সকল তথ্যসহ (সূত্রোক্ত স্মারকে প্রেরিত চিঠির নির্দেশনা মোতাবেক) তালিকা প্রস্তুত করে অফিসে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিষ্ঠানের আবেদনের সাথে প্রতিষ্ঠান প্রধানের NID কার্ডের ফটোকপি অবশ্যই গ্রহণ করতে হবে। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য Software এ এন্ট্রি সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রের মাধ্যমে জানানো হবে।

সংযুক্তি:
১। সূত্রোক্ত স্মারকের চিঠি
২। আবেদনের নমুনা কপি
৩। নম্বর/স্কোর শিটের কপি।

২১/৫/২০২৩

(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা : -----------------------
জেলা : -----------------------------।

অনুলিপি: সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব, এসইডিপি, পিসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক (কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পরিবীক্ষণ ও মূল্যায়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/ ১৭০ তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২১ মে ২০২৩ খ্রি.

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা.......................... (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা): -------------------- ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, -------------------------।
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----------------------------------------------।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
৬। সংরক্ষণ নথি।

২১/০৫/২০২৩

(শাহানাজ পারভীন কাজল)
উপপরিচালক
ফোন: ০২-২২৬৬৪৭০২২

Field Letter 2021 DD. 94-s

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
E-mail : pbgsedp2021@gmail.com

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/ ১৩২ তারিখ : ১৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৩ খ্রি.

বিষয় : "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)" শীর্ষক স্কিমের আওতায় ২য় পর্যায়ে "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP) এর আওতাধীন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" স্কিমের আওতায় "স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)" প্রদানের লক্ষ্যে ইতোপূর্বে মাঠ পর্যায় থেকে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য মাউশি অধিদপ্তরের EMIS শাখার MCS এর মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। উক্ত তথ্য যাচাইয়ের পরে মন্ত্রণালয় থেকে চূড়ান্ত তালিকা অনুমোদনপ্রাপ্ত হয়েছে। নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে শীঘ্রই অনুদানের অর্থ প্রেরণ করা হবে এবং একই সাথে পত্রের মাধ্যমে অনুদান তহবিলের ব্যবহার নির্দেশিকাসহ সংশ্লিষ্টদের অবহিত করা হবে। (উল্লেখ্য উপজেলা থেকে প্রেরিত প্রতিষ্ঠান তালিকার মধ্যে যে সকল প্রতিষ্ঠানের ব্যক্তি নামে ব্যাংক একাউন্ট, ১৩ ডিজিটের কম একাউন্ট নম্বর, ভুল রাউটিং নম্বার, ডুপ্লিকেট একাউন্ট নম্বর, ভুল EIIN নম্বর, ভুল ইনস্টিটিউট ক্যাটাগরি, ভুল ম্যানেজমেন্ট টাইপ, ভুল মোবাইল নম্বর এবং স্কিম দপ্তর কর্তৃক Cut off নম্বর এর কম নম্বর থাকায় চূড়ান্ত তালিকা থেকে সে সকল প্রতিষ্ঠান বাদ পড়েছে)।

০২। স্কিমের আওতায় DLR এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগস্ট ২০২৩ মাসের মধ্যে আরও ২৫০০ প্রতিষ্ঠানে SMAG/MMAG/GBAG প্রদানের পরিকল্পনা রয়েছে। সে লক্ষ্যে প্রথম পর্যায়ে চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের তালিকা এ পত্রের সাথে প্রেরণ করা হলো। ২য় পর্যায়ে অনুদান বিতরণের জন্য তালিকাভূক্ত প্রতিষ্ঠানসমূহ বাদ দিয়ে নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণপূর্বক উপজেলার অন্যান্য প্রতিষ্ঠানের তথ্য মাউশি অধিদপ্তরের EMIS শাখার MCS সিস্টেম ব্যবহার করে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২.১। স্কিম অপারেশন ম্যানুয়াল অনুযায়ী প্রস্তুতকৃত স্কোর/পয়েন্ট বণ্টনশিট এ চিঠির সাথে প্রেরণ করা হলো। মাধ্যমিক পর্যায়ের (ষষ্ঠ-দ্বাদশ) স্কুল, স্কুল এন্ড কলেজ এবং মাদ্রাসাসমূহের আবেদনের প্রেক্ষিতে উক্ত স্কোর/পয়েন্টের ভিত্তিতে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

২.২। প্রতিষ্ঠান নির্বাচনের জন্য স্কিম অপারেশন ম্যানুয়ালে উপজেলা/থানা পর্যায়ে একটি অনুমোদিত কমিটি রয়েছে। উক্ত কমিটি সংশ্লিষ্ট উপজেলা/থানার মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে স্কিম থেকে সরবরাহকৃত মানবণ্টনের কপিসহ নোটিশ প্রদান করে ১০/০৫/২০২৩খ্রি. তারিখের মধ্যে আবেদন গ্রহণ করবে। (সরকারি ও বিশেষ ব্যবস্থাপনায় পরিচালিত প্রতিষ্ঠান যেমন সিটি কর্পোরেশন পরিচালিত প্রতিষ্ঠান, ট্রাস্ট পরিচালিত প্রতিষ্ঠান, মিশনারি পরিচালিত প্রতিষ্ঠান, মাজার পরিচালিত প্রতিষ্ঠান ইত্যাদি এ অনুদানের আওতাভুক্ত হবে না)।

২.৩। প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত তারিখের মধ্যে মানদণ্ড অনুযায়ী যোগ্যতার প্রয়োজনীয় ডকুমেন্টসহ কমিটির সভাপতি বরাবর আবেদন করবে।

২.৪। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদন এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট যাচাই করে কমিটি স্কোর প্রদান করবে এবং SMAG/MMAG/GBAG এর জন্য আবেদনকৃত প্রতিষ্ঠানের মধ্য থেকে স্কোরের উর্ধ্ব থেকে নিম্নক্রমে একটি তালিকা প্রস্তুত করবে।

২.৫। যে সকল মানদণ্ডের ক্ষেত্রে (মানদন্ড ৮ থেকে ১৩) কাগজপত্রের প্রমানাদি প্রযোজ্য নয় সেক্ষেত্রে উপজেলা/থানা পর্যায়ের কমিটির নির্ধারিত কর্মকর্তা সরেজমিন পরিদর্শন করে সনদ দিবেন।

২.৬। প্রতিষ্ঠান তালিকা, কমিটির সভার রেজুলেশন ও পূরণকৃত এক্সেলশিটের স্বাক্ষরিত প্রিন্টেড কপির ১ সেট জেলা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে PBGSI স্কিমের স্কিম পরিচালক বরাবর ২০/০৫/২০২৩খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং ১ সেট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। তথ্যগুলো ভবিষ্যতে সফট্ওয়্যারে আপলোড করা প্রয়োজন হবে।

০৩। Ibas++ এর মাধ্যমে অর্থ বিতরণের লক্ষ্যে MCS এ তথ্য পূরণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণীয় বিষয়সমূহ-

৩.১। MCS System এ লগ ইন করে প্রোটেক্টেড ফরমেটে সকল তথ্য দিতে হবে।

৩.২। প্রতিষ্ঠানের EIIN ৬ ডিজিটের হবে।

৩.৩। সকল তথ্য (জেলা, উপজেলা, প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠান প্রধান ও সভাপতির নাম) Capital letter এ লিখতে হবে।

৩.৪। প্রতিষ্ঠানের নাম School & college এভাবে না লিখে School and college লিখতে হবে।

৩.৫। Institute catagory তে School/School and college/ Madrasha এভাবে লিখতে হবে (শুধু college লেখা যাবেনা)।

৩.৬। Management Type শুধু Non- government প্রতিষ্ঠান হবে।

৩.৭। মোবাইল নম্বর লেখার ক্ষেত্রে ০ দিয়ে শুরু হবে (যেমন- ০১৭/০১৮/০১৯ ইত্যাদি)।

৩.৮। NID নম্বর ১০ ডিজিট অথবা ১৭ ডিজিট হতে হবে।

৩. ৯। Date of birth - Text formate এ হবে, যেমন 01/03/1970 (২ ডিজিটের দিন/২ ডিজিটের মাস/ ৪ ডিজিটের বছর)।

৩. ১০। প্রতিষ্ঠান প্রধান এবং সভাপতির যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক একাউন্ট হতে হবে। ডুপ্লিকেট একাউন্ট দিলে ঐ প্রতিষ্ঠানকে জবাবদিহির আওতায় আনা হবে।

৩. ১১। ব্যাংক একাউন্টের শিরোনাম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে হতে হবে। ব্যক্তি নামে কোনো একাউন্ট গ্রহণযোগ্য নয়। ব্যাংক একাউন্ট এর শিরোনামে কোনো */ '/, কোনো ধরণের Symbol দেওয়া যাবে না।

৩. ১২। ব্যাংক একাউন্ট নম্বর ১৩ ডিজিটের অথবা ১৭ ডিজিটের হতে হবে।

৩. ১৩। ৯ ডিজিটের সঠিক রাউটিং নম্বর প্রদান প্রদান করতে হবে। (রাউটিং নম্বর সঠিক না হলে ব্যাংক শাখার নাম পরির্বতন হয়ে যাবে)

৩.১৪ । উপজেলা/থানা শিক্ষা অফিস কর্তৃক প্রাপ্ত তথ্য জেলা শিক্ষা অফিস শুধু কপি পেষ্ট করবে। কোনোরূপ পরিবর্তন, পরিমার্জন করা যাবে না।

০৪। উল্লিখিত কার্যক্রম সম্পাদনের প্রয়োজনে স্কিমের প্রোগ্রাম অফিসার জনাব তানভীর আহমেদ সিদ্দিকী, মোবাইল নম্বর- ০১৭০৬৮০৬১৬০ এবং জনাব সামিউল হুদা, মোবাইল নম্বর- ০১৭৩৩০৪২৯৬৬ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৬/৪/২০২৩

(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)
স্কিম পরিচালক
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানা : ------------------------
জেলা : -----------------------------

অনুলিপি: সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব, এসইডিপি, পিসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল।
৭। জেলা প্রশাসক, জেলা : ---------------------------- ।

স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/৩৩৬ তারিখ : ১৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ এপ্রিল ২০২৩ খ্রি.

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা......................... (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ)।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা): -------------------- ।
৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার----------------------------------------------- ।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
৫। সংরক্ষণ নথি।

২৬/০৪/২০২৩

(শাহানাজ পারভীন কাজল)
উপপরিচালক
ফোন: ০২-২২৬৬৪৭০২২

(নমুনা আবেদন-এসএমএজি)

প্রতিষ্ঠানের স্মারক: তারিখঃ..............................

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার/ এডিসি (শিক্ষা)
(সভাপতি, SMAG প্রদানের উদ্দেশ্যে গঠিত উপজেলা/ থানা পর্যায়ের কমিটি)
উপজেলা/থানা:
জেলা:
মাধ্যম: উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার।

বিষয়ঃ স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান **(SMAG/MMAG/GBAG)** প্রাপ্তির জন্য বিবেচনা প্রসঙ্গে।

মহোদয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP)-এর আওতায় পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিম কর্তৃক প্রদেয় **"স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)"** প্রাপ্তির উদ্দেশ্যে (প্রতিষ্ঠানের নাম)- এর অনুদানের মানদণ্ডে উল্লিখিত তথ্য ও প্রয়োজনীয় প্রমাণপত্র প্রদান করা হলো।

উল্লিখিত তথ্য ও প্রমাণাদি মূল্যায়ন করে (প্রতিষ্ঠানের নাম)-এর অনুকূলে **"স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)"** প্রদানের জন্য বিবেচনায় নেওয়ার জন্য অনুরোধ করছি।

নিবেদক,

প্রধান শিক্ষক/ সুপার/ অধ্যক্ষ
প্রতিষ্ঠানের নাম:

সংযুক্তি:
১. প্রতিটি মানদন্ড ও উপমানদণ্ডের জন্য প্রয়োজনীয় প্রমাণাদি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
**পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)**
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP)

**স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG) প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানের মানদণ্ডভিত্তিক পয়েন্ট/স্কোর তালিকাঃ**

প্রতিষ্ঠানের নাম:
EIIN:
ঠিকানা:
উপজেলা/থানা:
জেলা:
ফোন নম্বর:

ব্যাংক একাউন্টের নাম:
ব্যাংকের নাম:
শাখার নাম:
রাউটিং নম্বর:
একাউন্ট নম্বর:

| মানদণ্ড | উপ-মানদণ্ড | মানদণ্ড ও উপমানদণ্ডের জন্য বরাদ্দকৃত পয়েন্ট | হিসাবের পদ্ধতি: স্কেল/পারফরমেন্স/কার্যক্রম | প্রাপ্ত পয়েন্ট/স্কোর |
|---|---|---|---|---|
| ১) কার্যকরী SMC/MMC/GB, PTA, Student Cabinet Committee এবং যৌন হয়রানি প্রতিরোধ কমিটি | ক) কার্যকরী SMC/MMC/GB (নির্বাচিত কমিটি) | ১০ | SMC/MMC/GB কর্তৃক<br>ক)<br>১. বার্ষিক নূন্যতম ৬টি সভা পরিচালনা করা হয়েছে (২পয়েন্ট)<br>২. বার্ষিক ৩-৫টি সভা পরিচালনা করা হয়েছে (১ পয়েন্ট)<br>৩. ৩টি সভার কম হলে (০ পয়েন্ট)<br>খ) বার্ষিক বাজেট অনুমোদন করা হয়েছে (২ পয়েন্ট)<br>গ) জনসাধারণকে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত করা হয়েছে (২ পয়েন্ট)<br>ঘ)<br>১. একাডেমিক উন্নয়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে (২ পয়েন্ট)<br>২. একাডেমিক উন্নয়ণের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিন্তু অপর্যাপ্ত (১ পয়েন্ট)<br>ঙ) সকল দায়িত্ব সঠিকভাবে সম্পাদন করা হয়েছে (২ পয়েন্ট)<br>চ) SMC/MMC/GB অকার্যকর হলে (০ পয়েন্ট) | |
| | খ) PTA এর কার্যকারিতা | ১০ | PTA কর্তৃক<br>ক)<br>১. বার্ষিক নূন্যতম ৪টি সভা পরিচালনা করা হয়েছে (৫ পয়েন্ট)<br>২. বার্ষিক নূন্যতম ২-৩টি সভা পরিচালনা হয়েছে (৪ পয়েন্ট)<br>খ)<br>১. জনসাধারণকে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত করা হয়েছে (৫ পয়েন্ট)<br>২. জনসাধারণকে সম্পৃক্ত করা হয়েছে তবে অপর্যাপ্ত (৩ পয়েন্ট)<br>৩. জনসাধারণকে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হয় নাই (০ পয়েন্ট)<br>গ) PTA অনিয়মিতভাবে কাজ করে (২ পয়েন্ট)<br>ঘ) PTA অকার্যকর/গঠিত না হলে (০ পয়েন্ট) | |
| | গ) স্টুডেন্ট কেবিনেট কমিটি | ১০ | ক) স্টুডেন্ট কেবিনেট গঠন করা হয়েছে (৫ পয়েন্ট)<br>খ) প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্নতা, শৃংখলা এবং পরিবেশগত উন্নতিতে স্টুডেন্ট কেবিনেট কমিটি সংযুক্ত আছে (৫ পয়েন্ট)<br>গ) স্টুডেন্ট কেবিনেট গঠিত হয়নি/ অকার্যকর (০ পয়েন্ট) | |
| | ঘ) যৌন হয়রানি প্রতিরোধ কমিটি | ৫ | ক) যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠিত হয়েছে (২ পয়েন্ট)<br>খ)<br>১. যৌন হয়রানি প্রতিরোধ কমিটি নিয়মিত কাজ করছে (৩ পয়েন্ট)<br>২. যৌন হয়রানি প্রতিরোধ কমিটি অনিয়মিত কাজ করছে (২ পয়েন্ট)<br>গ) যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠিত হয়নি/ অকার্যকর (০ পয়েন্ট) | |
| ২) প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সামাজিক নিরীক্ষা পরিচালনা | | ১০ | ক) বার্ষিক সামাজিক নিরীক্ষা পরিচালিত হয়েছে (৪ পয়েন্ট)<br>খ) পর্যবেক্ষণসমূহ প্রদর্শিত হয়েছে (২ পয়েন্ট)<br>গ) বার্ষিক সামাজিক নিরীক্ষা বাস্তবায়নের জন্য SMC/MMC/GB এর সাথে আলোচনা করা হয়েছে (২ পয়েন্ট)<br>ঘ) পর্যবেক্ষণসমূহ SMC/MMC/GB এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে (২ পয়েন্ট)<br>ঙ) কোন সামাজিক নিরীক্ষা পরিচালিত হয়নি (০ পয়েন্ট) | |
| ৩) যথাসময়ে EMIS-এ উপাত্ত দাখিল | | ৪ | ক) সকল তথ্য-উপাত্ত যথাসময়ে দাখিল করা হয়েছে (৪ পয়েন্ট)<br>খ) সকল তথ্য-উপাত্ত দাখিল করা হয়েছে কিন্তু সময়মত করা হয়নি (২ পয়েন্ট)<br>গ) তথ্য-উপাত্ত দাখিল করা হয়নি (০ পয়েন্ট) | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪) বিগত দুই বছরের SSC/ সমমান পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানের পারফরমেন্স | | ১০ | ক) প্রতিষ্ঠানের দুই বছরের ফলাফলের গড় যদি সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের দুই বছরের ফলাফলের গড়ের সমান বা বেশি হয় (৩ পয়েন্ট)<br>খ) বোর্ডের ফলাফলের গড়ের উপর প্রত্যেক ২% এর জন্য অতিরিক্ত ১ পয়েন্ট, সর্বোচ্চ ৭ পয়েন্ট (০.৫× পাশের শতকরা বৃদ্ধি)<br>গ) প্রতিষ্ঠানের দুই বছরের গড় ফলাফল দুই বছরের বোর্ড ফলাফল গড়ের নিচে (০ পয়েন্ট) | |
| ৫) শিক্ষার্থীদের উপস্থিতি | | ১০ | ক) ৬০% বা ৬০% এর উপরে প্রত্যেক ৩% এর জন্য ১ পয়েন্ট এবং ৮৭% কিংবা এর উপরের জন্য পূর্ণ ১০ পয়েন্ট। (০.৩৩× ৬০% এর উপরে বাড়তি উপস্থিত দিন)<br>খ) গড় উপস্থিতি ৬০% এর নিচে (০ পয়েন্ট) | |
| ৬) শিক্ষকবৃন্দের উপস্থিতি | | ৫ | ক) শিক্ষকবৃন্দের উপস্থিতি ৯০% এর উপরে (৫ পয়েন্ট)<br>খ) ৯০% এর নিচে প্রত্যেক ১% এর জন্য ০.৫ পয়েন্ট কর্তন এবং ৮১% এর নিচে ০ পয়েন্ট পাবে। (যেমন, ৮১%=০.৫, ৮২%=১, ৮৩%=১.৫... ৯০%=৫ )<br>(অনুপস্থিতি বলতে অনুমোদিত ছুটি বুঝাবে) | |
| ৭) স্কুল/মাদ্রাসার তথ্য প্রতিবেদন কার্ড সংরক্ষণ করা | | ৫ | ক) স্কুল/মাদ্রাসার তথ্য প্রতিবেদন কার্ড নিয়মিতভাবে হালনাগাদ ও সংরক্ষণ (৩ পয়েন্ট)<br>খ)<br>১. দৃশ্যমান স্থানে সঠিকভাবে প্রদর্শিত (২ পয়েন্ট)<br>২. নিয়মিতভাবে হালনাগাদ এবং দৃশ্যমান স্থানে সঠিকভাবে প্রদর্শিত হয়নি (০ পয়েন্ট)।<br>গ) স্কুল/মাদ্রাসার তথ্য প্রতিবেদন কার্ড সংরক্ষণ করা হয়নি। (০ পয়েন্ট) | |
| ৮) ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক ওয়াশরুম/ ওয়াশব্লক, কমনরুম ও ফার্স্টএইড ব্যবস্থা থাকা | | ১০ | ক) প্রত্যেক ১০০ ছাত্র-ছাত্রীর জন্য আলাদা ওয়াশ রুম/ওয়াশ ব্লক আছে (৫ পয়েন্ট)<br>খ) প্রত্যেক ১০০ ছাত্র-ছাত্রীর জন্য কমনরুম আছে (৩ পয়েন্ট)<br>গ) প্রত্যেক ১০০ ছাত্র-ছাত্রীর জন্য ফার্স্টএইড ব্যবস্থা রয়েছে (২ পয়েন্ট)<br>ঘ) পর্যাপ্ত ওয়াশ রুম/ওয়াশ ব্লক, কমনরুম ফার্স্ট এইড ব্যবস্থা নেই (০ পয়েন্ট) | |
| ৯) পরিষ্কার পরিচ্ছন্নতা | | ১০ | ক) যথাযথ পরিষ্কার এবং পরিচ্ছন্ন পরিবেশ (৫ পয়েন্ট)<br>খ) প্রতিষ্ঠানের নিয়মিত পরিচ্ছন্নতা পরিকল্পনা আছে (৩ পয়েন্ট)<br>গ) প্রতিষ্ঠানের পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের অংশগ্রহণ রয়েছে (২ পয়েন্ট) | |
| ১০) ভৌত অবকাঠামো | | ২০ | ক) শহিদ মিনার আছে (৫ পয়েন্ট)<br>খ) সমৃদ্ধ গ্রন্থাগার আছে (৫ পয়েন্ট)<br>গ) বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার আছে (৫ পয়েন্ট)<br>ঘ) যথাযথ খেলার মাঠ আছে (৫ পয়েন্ট) | |
| ১১) জাতীয় দিবস, জাতীয় সংগীত ও জাতীয় পতাকা | | ১৫ | ক)<br>১. প্যারেড-পিটি সহযোগে জাতীয় সংগীত চর্চা করা(৫ পয়েন্ট)<br>২. শ্রেনিকক্ষ/ইনডোরে জাতীয় সংগীত চর্চা করা (২ পয়েন্ট)<br>খ) যথাযথভাবে জাতীয় দিবস পালন করা হয় (৫ পয়েন্ট)<br>গ) যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন (৫ পয়েন্ট) | |
| ১২) সহশিক্ষা কার্যক্রম | | ১০ | ক) বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় (২ পয়েন্ট)<br>খ) কার্যকর বিএনসিসি (২ পয়েন্ট)<br>গ) কার্যকর স্কাউট/গার্লস গাইড/রোভার (২ পয়েন্ট)<br>ঘ) বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় (২ পয়েন্ট)<br>ঙ) বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হয় (২ পয়েন্ট) | |
| ১৩) সচেতনতামূলক কাৰ্যক্রম | | ৬ | ক) ধূমপান ও মাদকবিরোধী কাৰ্যক্রম পরিচালনা (২ পয়েন্ট)<br>খ) জঙ্গীবাদ বিরোধী কাৰ্যক্রম পরিচালনা (২ পয়েন্ট)<br>গ) বাল্যবিবাহ বিরোধী কাৰ্যক্রম পরিচালনা (২ পয়েন্ট) | |
| | সর্বমোট | ১৫০ | প্রাপ্ত মোট পয়েন্ট | |
| | | | শতকরা হার | |

*** মানদণ্ড ১১ এর ক,খ ও গ এ আলাদাভাবে পয়েন্ট না পেলে উক্ত প্রতিষ্ঠান SMAG/MMAG/GBAG এর জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

* কোন মানদণ্ডের ব্যাপারে EMIS এর তথ্যের অপর্যাপ্ততায়, প্রতিষ্ঠানের রিপোর্ট, তার পর্যবেক্ষণ এবং ন্যায্যতা-যাচাইসহ অফিস রেকর্ডসমূহের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট মানদণ্ডের জন্য USEO/TSEO মূল্যায়ন করতে পারবে।

* উপজেলা/থানার প্রতিষ্ঠানসমূহে যে সকল মানদণ্ড/উপমানদণ্ড কার্যকর নেই সে সকল কলামে 'প্রযোজ্য নয়' লিখতে হবে এবং সংশ্লিষ্ট মানদণ্ড/উপমানদণ্ড-সমূহের পয়েন্ট বাদ দিয়ে অবশিষ্ট নম্বরকে ১০০% বিবেচনা করতে হবে।

(স্বাক্ষর ও সিল)

সভাপতি
প্রতিষ্ঠান নির্বাচনের জন্য উপজেলা পর্যায়ের কমিটি

(স্বাক্ষর ও সিল)

সদস্য সচিব
প্রতিষ্ঠান নির্বাচনের জন্য উপজেলা পর্যায়ের কমিটি